

**ভতি ফি দিওণ
করায়-**

চট্টগ্রাম ভাসিটি রিপোর্টার।
আকস্মিকভাবে ভতি ফি দিওণেরও
বেশী করায় ভতিফি পরীক্ষার্থীরা
পরীক্ষা বর্জন করিয়াছে। গতকাল
(শুক্রবার) ইনস্টিটিউট অব কমার্শিয়াল
ম্যানেজম্যান্ট একাউন্টেন্টস (আই-
সিএমএ) বাংলাদেশ চট্টগ্রাম কেন্দ্রে
১৯৯৬ (লেভেল-১) এর ভতি
পরীক্ষা দিতে আসিয়া নোটিস
বোর্ডে ভতি ফি পূর্ব নির্ধারিত
১৫ শত ৪৫-এর স্থলে ৩৪ শত
৮৫ টাকা দেখিয়া তীব্র প্রতিবাদ
জানায় এবং উপস্থিত পরীক্ষার্থীরা
সকলে পরীক্ষা বর্জন করে। তাহারা
কর্তৃপক্ষের নিকট পূর্ব নির্ধারিত ভতি
ফি বহাল রাখিয়া পুনরায় পরীক্ষার
দাবী জানাইয়া স্মারকলিপি প্রদান
করে।